



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/৩০৯

তারিখ : ১৫/০১/২০২২


পুনঃ সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তি কার্যক্রমে কিছু প্রতারক চক্র সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের থেকে সুকৌশলে শিক্ষার্থীর এসএসসি পরীক্ষার তথ্য সংগ্রহ করে তাদের অনুমতি ব্যতীত অনলাইনে ভর্তির আবেদন করছে। উক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির লক্ষ্যে গত ১১/০১/২০২২ তারিখে একটি সতর্কীকরণ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছিল। লক্ষ্য করা যাচ্ছে যে, এখনো কিছু প্রতারক চক্র সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের অনুমতি ব্যতীত অনলাইনে ভর্তির আবেদন করছে।

এমতাবস্থায়, শিক্ষার্থী ও অভিভাবকসহ সকলকে এ ধরনের প্রতারক চক্র হতে সাবধান থাকার জন্য পুনরায় সতর্ক করা যাচ্ছে। উল্লেখ্য, শিক্ষার্থী ও অভিভাবকদের সাথে প্রতারণায় জড়িত এরূপ কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রমাণ পাওয়া গেলে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে তাদের প্যানেল/সার্ভার বন্ধসহ পাঠদান স্থগিত করা হবে।

বিঃদ্রঃ বোর্ডের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট ব্যতীত অন্য কোন ফেইক ওয়েবসাইটের বিজ্ঞাপন হতে কোন শিক্ষার্থী ও অভিভাবক প্রতারিত হলে বোর্ড কর্তৃপক্ষ কোনক্রমেই এর দায় বহন করবে না।

শিক্ষা বোর্ডসমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট: <http://www.xiclassadmission.gov.bd>


অধ্যাপক নৈহাল আহমেদ
সভাপতি

আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

ও

চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা